গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
লালমনিরহাট

স্মারক নং- ৩৪৯০ /ই

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ-২ শাখার ২৭ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০০০.০৯৫.০২.০০০১.২২.৯৮ এবং পুলিশ হেডকোয়ার্টার্স এর ১৬ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের ৪৪.০১.০০০০.০২৮.১৮.০১৬.২৩-১৩৫৯(২) নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে https://splalmonirhat.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
০১	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক)	২৪০০০-৫৮০০০/- (১৩-গ্রেড)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতা; এবং গ) সাঁটলিপিতে ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৮০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৫০ শব্দ। ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২৫ শব্দ।
০২	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০২ (দুই)	২৩৫০০-৫৬৮০০/- (১৪-গ্রেড)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতা; এবং গ) সাঁটলিপিতে ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৭০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৪৫ শব্দ। ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২৫ শব্দ।
০৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২ (দুই)	২১৯০০-৫২৯০০/- (১৬-গ্রেড)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং গ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২০ শব্দ।

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।
০৩। সকল পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের (প্রযোজ্য ক্ষেত্রে সাঁটলিপি) নির্ধারিত গতি থাকতে হবে।
০৪। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য লালমনিরহাট জেলা পুলিশের ওয়েবসাইট (https://police.lalmonirhat.gov.bd) এ পাওয়া যাবে।
০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
০৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

(ক) আগ্রহী প্রার্থীগণ https://splalmonirhat.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ১৮/১১/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে এবং শেষ হবে ১৭/১২/২০২৬ তারিখ বিকাল ৫:০০ টায়। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

CamScanner
bekarsfeed.com

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা। তবে সকল পদের অনগ্রসর (শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী) নাগরিকদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : SPOLALMONIRHAT <space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: SPOLALMONIRHAT ABCDEF & send to 16222
দ্বিতীয় SMS : SPOLALMONIRHAT <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: SPOLALMONIRHAT Yes 12345678 & send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://splalmonirhat.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে SPOLALMONIRHAT <space> Help<space>User ID লিখে send করতে হবে 16222
Example: SPOLALMONIRHAT Help ABCDEF & send to 16222
PIN Number জানা থাকলে SPOLALMONIRHAT <space> Help <space> PIN No লিখে send করতে হবে 16222
Example: SPOLALMONIRHAT Help 1234567 & send to 16222

(ঝ) Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে, অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও লালমনিরহাট জেলা পুলিশের ওয়েব সাইট https://police.lalmonirhat.gov.bd এ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নাম্বার থেকে ১২১ নম্বরে কল করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল করে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljob.bd teletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। [Mail এর subject- এ Organization Name: splalmonirhat, Post Name**********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

০৭। **প্রার্থীর বয়সসীমা ১৮/১১/২০২৬ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে:

(ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণক স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। বর্ণিত সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) সকল পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে সার্টিফিকেট) সনদপত্র।

CamScanner

১০। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।
১১। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।
১২। **কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।**
১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এজন্য দায়ী থাকবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫/১১/২০২৬

মোঃ আসাদুজ্জামান
বিপি ৭৬০৬১১৬৩৭২
পুলিশ সুপার
লালমনিরহাট
ফোন : ০২৫৮৯৯-৮৬৮১৩ (অফিস)
ই-মেইল: splalmonirhat@police.gov.bd

কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। ডিআইজি, রংপুর রেঞ্জ,বাংলাদেশ পুলিশ, রংপুর।
৩। অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১) বাংলাদেশ পুলিশ,পুলিশ হেডকোয়ার্টার্স,ঢাকা।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। পুলিশ সুপার, কুড়িগ্রাম/রংপুর/দিনাজপুর/গাইবান্ধা/পঞ্চগড়/ঠাকুরগাঁও/নীলফামারী জেলা।
৬। সিভিল সার্জন, লালমনিরহাট।
৭। প্রশাসক, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট।
৮। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট।
৯। মেডিকেল অফিসার, পুলিশ হাসপাতাল, লালমনিরহাট।
১০। ডিআইও-১, জেলা বিশেষ শাখা, লালমনিরহাট।
১১। আফিসার ইনচার্জ, লালমনিরহাট/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম থানা।
১২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক দিনকাল, ৪৪১/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ও লালমনিরহাট বার্তা, স্টেডিয়াম চত্তর, লালমনিরহাট উক্ত বিজ্ঞাপনটি ১৮/১১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে উপযুক্ত সাইজের পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৩(তিন) কপি পুলিশ সুপারের কার্যালয় লালমনিরহাট বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং নং-৩/এ,৫/এ,৭/এ,রোড নং-১৭, গুলশান-১,ঢাকা-১২১২ উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

CamScanner